

১২/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় নির্বাচনি বোর্ড-এর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার, রাজশাহী
ও
সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সভার তারিখ : ১২ জানুয়ারী ২০২২ খ্রি.
সময় : বিকাল ০৪:০০ টা

সভায় উপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহী (ডিআইজি, রাজশাহী রেঞ্জ এর পক্ষে)
- ২। ড. শরমিন ফেরদৌস চৌধুরী, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। জনাব মোঃ জাকির হোসেন, উপপরিচালক, পিএসসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী
- ৪। জনাব মোঃ আবুল হায়াত, বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী

জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর প্রতিনিধি জনাব মো: মহসীন মুধা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চাঁপাইনবাবগঞ্জ সভায় উপস্থিত ছিলেন।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড আলোচ্যসূচি সভায় উত্থাপন করেন।

আলোচ্যসূচি-১

জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ের উচ্চমান সহকারীর ০৯টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তাব:

সদস্য সচিব সভাকে অবহিত করেন, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ের ১৫ তম গ্রেডের উচ্চমান সহকারী এর ০৯টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ফিডার পদধারী সংশ্লিষ্ট কর্মচারীদের চাকুরিবিহি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) এবং সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৮/১২/২০২১ তারিখের ০৫.৪৩.৭০০০.০০৭.১২.০০১.১৮.৬৪৬ নং স্মারকে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাবে উল্লেখ করা হয়, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ে উচ্চমান সহকারীর মঞ্জুরিকৃত পদ ০৯টি। বর্ণিত পদে কোনো কর্মচারী কর্মরত নেই। শূন্য পদ ০৯টি।

বর্ণিত শূন্য পদ ০৯টি পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ১৬তম গ্রেডের ফিডার পদধারীদের সমন্বয়ে প্রণীত গ্রেডেশন তালিকার ০৭, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ এবং ১৮ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীগণকে পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ করা হয়। উক্ত গ্রেডেশন তালিকার ০১, ০৩, ০৪ এবং ০৮ নং গ্রেডেশনধারী কর্মচারী পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক মর্মে ইতিপূর্বে লিখিত আবেদন করেছিলেন মর্মে প্রস্তাবে উল্লেখ করা হয়। এছাড়াও সভায় উপস্থিত জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর প্রতিনিধি জনাব মোঃ মহসীন মুধা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভাকে অবহিত করেন, সাম্প্রতিক সময়েও বর্ণিত কর্মচারীদের পদোন্নতি গ্রহণের বিষয়ে মতামত নেয়া হলে তারা পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক মর্মে পুনরায় জানিয়েছেন।



গ্রেডেশন তালিকার ০২, ০৬, ১৯ ও ২০ নং গ্রেডেশনধারী কর্মচারীর বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) ঘাটতি থাকায় পদোন্নতির জন্য সুপারিশ করা হয়নি। গ্রেডেশন তালিকার ০৫ নং গ্রেডেশনধারী কর্মচারীর ব্যক্তিগত নথি ও পূর্ববর্তী কর্মস্থলের কর্মকান্ড পর্যালোচনায় তার চাকরিকাল সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাকে পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ করা হয়নি এবং ০৯ নং গ্রেডেশনধারী কর্মচারীর প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকায় পদোন্নতির জন্য সুপারিশ করা হয়নি মর্মে প্রস্তাবে উল্লেখ করা হয়।

সভায় জানানো হয়, ০৯ নং গ্রেডেশনধারী কর্মচারীকে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকার কারণে সুপারিশ না করা হলেও জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুযায়ী ফিডার পদধারী সংশ্লিষ্ট কর্মচারীর ০৩ (তিন) বছর চাকরিকাল থাকলেই উচ্চমান সহকারী পদে পদোন্নতির যোগ্য। সভায় উপস্থিত জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর প্রতিনিধি জনাব মোঃ মহসীন মৃধা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জানান, বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে কোনো বিরূপ মন্তব্য কিংবা বিভাগীয় মামলা নেই। প্রস্তাবে সুপারিশ না করার কারণটি বর্তমান নিয়োগবিধি অনুযায়ী গ্রহণযোগ্য না হওয়ায় বর্ণিত কর্মচারীকে পদোন্নতি দেয়া যায় মর্মে সকল সদস্য একমত পোষণ করেন।

প্রস্তাবে আরও উল্লেখ করা হয়, সুপারিশকৃত কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা এবং কোনো বিরূপ মন্তব্য নেই। পর্যালোচনান্তে পদোন্নতির প্রস্তাবটি অনুমোদন করা যায় মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। পদোন্নতির প্রস্তাবটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত-১.১: চাকুরিবহি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং ফিডার পদে চাকুরিকাল পরীক্ষান্তে সন্তোষজনক বলে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মচারীগণকে তাদের নামের পাশে বর্ণিত পদে পদোন্নতির প্রস্তাব অনুমোদন করা হলো:

ক্রমিক নং	গ্রেডেশন নং	কর্মচারীর নাম, পদবি ও গ্রেড	পদোন্নতি প্রদত্ত পদ ও গ্রেড
১.	০৭	জনাব মোঃ গোলাম রাব্বানী অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
২.	০৯	জনাব মোঃ আবু জুবায়ের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৩.	১০	জনাব মোঃ আবুল কালাম আজাদ সার্টিফিকেট সহকারী, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৪.	১১	জনাব মোঃ অহেদুল ইসলাম সার্টিফিকেট সহকারী, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৫.	১২	জনাব মোহাঃ সারওয়ার জাহান অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৬.	১৩	জনাব মোঃ আব্দুল বারী অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৭.	১৪	জনাব মোঃ সহিদুল আলম অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৮.	১৫	জনাব মোঃ হেলাল উদ্দীন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫
৯.	১৬	জনাব মোঃ গোলাম রাব্বানী অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৬	উচ্চমান সহকারী, গ্রেড-১৫

সিদ্ধান্ত-১.২: জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ পদোন্নতিপ্রাপ্ত পদে নিয়োগ আদেশ জারি করে বিভাগীয় নির্বাচনি বোর্ডকে অবহিত করবেন। কার্যবিবরণীর সত্যায়িত কপি সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরিবহিতে সংযুক্ত করবেন এবং ১(এক) কপি ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করবেন।

আলোচ্যসূচি-২:




জেলা প্রশাসক, রাজশাহী এর কার্যালয়ের ০২ ক্যাটাগরির ০৬টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিয়োগ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশনা

বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহীর অধীনে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর সাধারণ প্রশাসনের আওতাভুক্ত ১৪তম গ্রেডের সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ০৩ এবং ১৬তম গ্রেডের সার্টিফিকেট সহকারী ০৩টি টিসহ মোট ০৬টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৩/০৮/২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৩.১৬-৪৭ নং পত্রে ছাড়পত্র প্রদান করা হয়। ছাড়পত্রের ভিত্তিতে যথারীতি নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বর্ণিত শূন্য পদের অনুকূলে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে বিভাগীয় নির্বাচনি বোর্ডে প্রেরণ করা হয়। যাচাই-বাছাইকৃত আবেদনপত্রের বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	শূন্য পদ	প্রাপ্ত আবেদন	সঠিক আবেদন
১.	সীটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	১৪	০৩	১৪৬	১১০
২.	সার্টিফিকেট সহকারী	১৬	০৩	৫৯২	৪৬৭
	মোট =		০৬	৭৩৮	৫৭৭

(০২) বর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
i. লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান:	(১.০) লিখিত পরীক্ষা আগামী ০৪/০২/২০২২ তারিখ সকাল ১০:০০ টায় জেলা প্রশাসক, রাজশাহী কর্তৃক নির্ধারিত রিভার ভিউ কালেক্টরেট স্কুল, রাজশাহী কেন্দ্রে অনুষ্ঠিত হবে। (১.১) বিভাগীয় নির্বাচনি বোর্ডের সদস্য সচিব/প্রতিনিধি যথাসময়ে লিখিত পরীক্ষা কেন্দ্রে খাতা এবং প্রশ্নপত্র পৌঁছানোর ব্যবস্থা করবেন।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
ii. প্রবেশপত্র ইস্যুকরণ:	(১.০) কেন্দ্রের নাম এবং লিখিত পরীক্ষার তারিখ ও সময় উল্লেখপূর্বক বৈধ প্রার্থীদের অনুকূলে প্রবেশপত্র ইস্যুর ব্যবস্থা করতে হবে। প্রবেশপত্র ইস্যু অন্তে বিভাগীয় নির্বাচনি বোর্ডকে অবহিত করতে হবে।	জেলা প্রশাসক, রাজশাহী
iii. লিখিত পরীক্ষার কেন্দ্র প্রস্তুতকরণ, আসন বিন্যাস ও সিট বসানো	(১.০) কেন্দ্র পরীক্ষা গ্রহণের উপযোগী করতে প্রতিটি কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন, বৈদ্যুতিক সংযোগ ত্রুটিমুক্ত এবং পর্যাপ্ত আলো ও ভেন্টিলেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (১.১) রোল নম্বর যাতে পাশাপাশি/ধারাবাহিক না হয়, সেজন্য স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক zigzag প্যাটার্নে পরীক্ষার্থীদের আসনবিন্যাস নিশ্চিত করে তদানুযায়ী পরীক্ষার পূর্বের দিন সিট বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (১.২) সরেজমিন পরিদর্শন করে আসন বিন্যাসের সঠিকতা যাচাই অন্তে কক্ষভিত্তিক নির্ভুল সিট প্ল্যান পরীক্ষার কমপক্ষে ১০(দশ) দিন পূর্বে বিভাগীয় নির্বাচনি বোর্ডে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র
iv. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ:	(১.০) সুষ্ঠুভাবে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য ০২ জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে দায়িত্ব প্রদান এবং লিখিত পরীক্ষার দিন যথাসময়ে পরীক্ষা কেন্দ্রে তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
v. কক্ষ পরিদর্শক নিয়োগ:	(১.০) লিখিত পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক কক্ষ পরিদর্শককে (উপযুক্ত শিক্ষক) দায়িত্ব প্রদান করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	(১.১) লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণের জন্য কক্ষ পরিদর্শকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। (১.২) কেন্দ্র সচিবের নিকট হতে কক্ষ পরিদর্শকগণের তালিকা সংগ্রহ করে গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে। কক্ষ পরিদর্শকগণের কে কোন কক্ষে দায়িত্ব পালন করবেন, তা বিভাগীয় নির্বাচনি বোর্ড/জেলা প্রশাসক নির্ধারণ করে পরীক্ষার দিন কেন্দ্র সচিবকে জানাবেন।	২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী ৩। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র
vi. নিরাপত্তা ব্যবস্থা:	(১.০) সুশৃঙ্খলভাবে পরীক্ষা গ্রহণসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যোজনীয় পুলিশ ফোর্স মোতায়েনের ব্যবস্থা করতে হবে। (১.১) কেন্দ্রে প্রবেশের সময় প্রত্যেক প্রার্থীর প্রবেশপত্র দেখে দেখে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করাতে হবে। মোবাইল ফোন, ক্যালকুলেটরসহ যেকোনো ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস এবং ব্যাগ নিয়ে কোনো প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া যাবে না। (১.২) পুলিশ প্রহরায় পরীক্ষার গোপনীয় কাগজপত্র আনা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (১.৩) গোপনীয় কাগজপত্র ট্রেজারিতে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।	১। পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ৩। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র ৪। ট্রেজারি অফিসার, রাজশাহী
vii. বিদ্যুৎ সরবরাহ:	(১.০) নির্বিঘ্নে পরীক্ষা গ্রহণের নিমিত্ত পরীক্ষার দিন প্রতিটি কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ, রাজশাহী
viii. চিকিৎসা সেবা:	(১.০) পরীক্ষার্থীদের প্রয়োজনে তাৎক্ষণিক চিকিৎসাসেবা প্রদানের জন্য ০১(এক)টি মেডিকেল টিম নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সিভিল সার্জন, রাজশাহী
ix. উত্তরপত্র প্রস্তুতকরণ, মূল্যায়ন ও নিরীক্ষণ:	(১.০) কেন্দ্রের কক্ষভিত্তিক পৃথক পৃথক উত্তরপত্রের (খাতা) প্যাকেট প্রস্তুতপূর্বক কেন্দ্রে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (১.১) পরীক্ষার উত্তরপত্র (খাতা) মূল্যায়ন করার জন্য জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণকে (উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার/এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট) দায়িত্ব প্রদান করতে হবে। প্রয়োজনবোধে স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের/সংশ্লিষ্ট কেন্দ্রের দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকগণকে উত্তরপত্র মূল্যায়নের দায়িত্ব প্রদান করা যেতে পারে। (১.২) পরীক্ষা শেষে সমস্ত উত্তরপত্র জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত স্থানে নিয়ে এসে মূল্যায়নের ব্যবস্থা করতে হবে। (১.৩) উত্তরপত্র কোডিং করে মূল্যায়ন করতে হবে। উত্তরপত্র কোডিং করার জন্য ০১ জন কোডিং ম্যান নিয়োগ করতে হবে। কোডিং এর কাজে যাতে কোনো ব্যাঘাত না ঘটে, সে জন্য ০২টি নতুন/ভালো কোডিং মেশিন প্রস্তুত রাখতে হবে। কোডিং কার্যক্রম তদারকি করার জন্য ০১ জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে দায়িত্ব প্রদান করতে হবে। বিভাগীয় নির্বাচনি বোর্ড কোড নম্বরের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং কোডিং কার্যক্রম তত্ত্বাবধান করবে। (১.৪) প্রতিটি উত্তরপত্র যাতে একইভাবে এবং দ্রুততম সময়ের মধ্যে মূল্যায়িত হয়, সেজন্য মূল্যায়নকারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী ৩। ট্রেজারি অফিসার, রাজশাহী

১১/১১/১১

১১/১১/১১

১১/১১/১১

১১/১১/১১

১১/১১/১১

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	(১.৫) উত্তরপত্র মূল্যায়নের জন্য ০৫টি মূল্যায়ন প্যানেল গঠন করতে হবে। প্রত্যেক প্যানেলে ০৫ জন সদস্য থাকবে। প্রত্যেক প্যানেলের ০১ জন বাংলা, ০১ জন ইংরেজি, ০১ জন গণিত, ০১ জন সাধারণ জ্ঞান অংশ মূল্যায়ন করবেন এবং অপর ০১ জন মূল্যায়িত উত্তরপত্র নিরীক্ষা করবেন। প্রয়োজনবোধে মূল্যায়নকারী প্যানেল সংখ্যা বৃদ্ধি করা যেতে পারে। (১.৬) ০১(এক) জন অতিরিক্ত জেলা প্রশাসককে আহ্বায়ক করে একটি মূল্যায়ন কমিটি গঠন করতে হবে। মূল্যায়নকারী প্যানেল হতে যেকোনো ০৩ জন সদস্য এবং ০১ জন নিরীক্ষক এ কমিটির সদস্য সচিব হবেন। কমিটি উত্তরপত্র মূল্যায়ন ছাড়াও মূল্যায়ন কার্যক্রম মনিটরিং করবেন, উত্তরপত্রের নির্ধারিত স্থানে এবং নম্বরপত্রে স্বাক্ষর করবেন।	
X. লিখিত পরীক্ষার প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ:	(১.০) লিখিত পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় সামগ্রী বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী সরবরাহ করবে। প্রয়োজনবোধে জেলা প্রশাসন এ বিষয়ে বিভাগীয় নির্বাচনি বোর্ডকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। (১.১) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র হতে স্ট্যাপলার মেশিন সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী ৩। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র
Xi. ব্রিফিং সেশন আয়োজন:	(১.০) সুষ্ঠুভাবে লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন করার লক্ষ্যে পরীক্ষার দিন (০৪/০২/২০২১ খ্রি.) সকাল ৮:০০ টায় জেলা প্রশাসক, রাজশাহী কর্তৃক নির্ধারিত স্থানে বিভাগীয় নির্বাচনি বোর্ড এবং লিখিত পরীক্ষা গ্রহণে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে ব্রিফিং সেশনের আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
xii. লিখিত পরীক্ষা গ্রহণে করণীয়:	(১.০) আসন বিন্যাস অনুযায়ী কক্ষওয়ারী পৃথক পৃথক হাজিরা শিট তৈরি করতে হবে। আবেদনপত্র ও প্রবেশপত্রে সংযুক্ত ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিশ্চিত হয়ে হাজিরা গ্রহণের ব্যবস্থা করতে হবে। তবে ছবিযুক্ত হাজিরা শিট প্রস্তুত করা হলে তা দিয়ে প্রার্থী শনাক্ত করা যেতে পারে। (১.১) উপস্থিত এবং অনুপস্থিত প্রার্থীদের হিসাব সংবলিত প্রতিবেদন তৈরি করতে হবে এবং তা কেন্দ্র প্রধান কর্তৃক স্বাক্ষর করাতে হবে। (১.২) পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শকদের নিকট হতে সতর্কতার সাথে প্রশ্নপত্রসহ উত্তরপত্র (খাতা) বুঝে নেয়া এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য ০১(এক) জন অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সমপর্যায়ের কর্মকর্তাকে প্রধান করে ০১(এক)টি উপকমিটি গঠন করতে হবে। কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সদস্য এবং সংশ্লিষ্ট কেন্দ্র সচিব এ কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। (১.৩) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে কক্ষ পরিদর্শকগণের নিকট খাতা বুঝিয়ে দিতে হবে এবং বিভাগীয় নির্বাচনি বোর্ডের সচিব/প্রতিনিধি দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে পরীক্ষা শুরুর ০৫(পাঁচ) মিনিট পূর্বে প্রতিটি কক্ষের দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকের নিকট সিলগালাকৃত প্রশ্নপত্র পৌঁছানো নিশ্চিত করবেন। (১.৪) পরীক্ষার দিন কক্ষভিত্তিক পৃথক পৃথক প্রশ্নপত্রের প্যাকেট প্রস্তুতপূর্বক সিলগালা করে কেন্দ্রে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী ২। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
xiii. ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান নির্ধারণ:	(১.০) ব্যবহারিক পরীক্ষা আগামী ০৫/০২/২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), রাজশাহীতে অনুষ্ঠিত হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল পরবর্তী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে। (১.১) বিভাগীয় নির্বাচনি বোর্ডের সদস্য সচিব/প্রতিনিধি যথাসময়ে পরীক্ষা কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষার প্রশ্নপত্র পৌছানোর ব্যবস্থা করবেন।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী ৩। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র
xiv. লিখিত এবং ব্যবহারিক পরীক্ষার ফলাফল:	(১.০) লিখিত এবং ব্যবহারিক পরীক্ষার ফলাফল প্রার্থীদের অবহিত করার জন্য রাজশাহী বিভাগের ও রাজশাহী জেলার ওয়েবপোর্টাল এবং উভয় কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের ব্যবস্থা করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
xv. ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীদের অবহিতকরণ:	কেন্দ্রের সকল কক্ষে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীদের অবহিতকরণের ব্যবস্থা করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। কেন্দ্র সচিব সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র
xvi. মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান:	(১.০) ব্যবহারিক ও লিখিত উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা আগামী ০৬/০২/২০২২ তারিখ সকাল ১০:০০ টায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। (১.১) মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য রাজশাহী বিভাগ ও রাজশাহী জেলার ওয়েবপোর্টাল এবং লিখিত পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে নোটিশের মাধ্যমে পরীক্ষার্থীদের জানাতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
xvii. আপ্যায়ন:	(১.০) নিয়োগ পরীক্ষা গ্রহণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নেজারত ডেপুটি কালেক্টর, রাজশাহী
xviii. চূড়ান্ত ফলাফল:	(১.০) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। (১.১) চূড়ান্ত ফলাফল রাজশাহী বিভাগ ও রাজশাহী জেলার ওয়েবপোর্টাল এবং উভয় কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। সদস্য সচিব, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২.০২.২০২২
মোঃ আবুল হায়াত
বিভাগীয় কমিশনারের
একান্ত সচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচনি বোর্ড
রাজশাহী

১২.০২.২০২২
মোঃ জাকির হোসেন
উপপরিচালক
বাংলাদেশ সরকারি
কর্ম কমিশন,
আঞ্চলিক কার্যালয়
রাজশাহী
ড. শরমিন ফেরদৌস
চৌধুরী
উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রাজশাহী অঞ্চল
রাজশাহী

১২.০২.২০২২
ডিআইজি
রাজশাহী রেঞ্জ এর পক্ষে
মোহাম্মদ মনিরুল
ইসলাম
পুলিশ সুপার
রেঞ্জ ডিআইজির কার্যালয়
রাজশাহী

১২.০২.২০২২
জি এস এম জাফর উল্লাহ এনভিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচনি বোর্ড
রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
ডিএসবি শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১০.০৩.০০১.২১.০৭

তারিখ: ১২/০১/২০২২ খ্রি.

অনুলিপি (সদয় কার্যার্থে):

জেলা প্রশাসক
রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. ডেপুটি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
৩. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী ও সদস্য, বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী
৪.
৫. অফিস কপি


১২.০১.২০২২

মোঃ আবুল হায়াত

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচনি বোর্ড, রাজশাহী

মোবাইল ফোন: ০১৭৭৯-২৫০২৫০